

তফসিল  
[বিধি ২(গ), ৫(২) এবং ৫(৬) দ্রষ্টব্য]

মুক্তিযুদ্ধ এবং মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সংগঠনসমূহ নিবন্ধনের জন্য আবেদনপত্রের সহিত যে সকল প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি জমা দিতে হইবে উহার বিবরণ।

কোন মুক্তিযুদ্ধ এবং মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সংগঠনসমূহ নিবন্ধনের জন্য আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র ও তথ্যাদি জমা দিতে হইবে। যথা:-

- ১। নিবন্ধকের অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে-কোন তফসিলি ব্যাংক হইতে) জমা দিয়া মূল কপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, অগ্রণী ব্যাংক, জাতীয় প্রেসক্লাব শাখা, ঢাকার অনুকূলে।
- ২। ১ (এক) কপি 'ক' ফরম পূরণ করিয়া দাখিল করিতে হইবে।
- ৩। নির্ধারিত ফরমে (ফরম 'খ' অনুযায়ী) সংগঠন নিবন্ধীকরণের শর্তাবলী পালন সংক্রান্ত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রদত্ত অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে।
- ৪। গঠনতন্ত্রের (ফরম 'গ' অনুযায়ী) ৫ (পাঁচ) কপি টাইপ করা এবং প্রতি পৃষ্ঠায় সভাপতি ও সাধারণ সম্পাদক উভয়ের স্বাক্ষরসহ জমা দিতে হইবে।
- ৫। যেই সাধারণ সভায় সংগঠনের নামকরণ ও নাম অনুমোদনের প্রস্তাবাবলী অনুমোদিত হইয়াছিল সেই সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরযুক্ত এবং গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত রেজুলেশনের ১ (এক) কপি জমা দিতে হইবে।
- ৬। যেই সাধারণ সভায় সংগঠনের কার্যকরী পরিষদ গঠনের প্রস্তাবাবলী অনুমোদিত হইয়াছিল সেই সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরযুক্ত এবং গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত রেজুলেশনের ১ (এক) কপি জমা দিতে হইবে।
- ৭। ৫ ও ৬ নং ক্রমিকে বর্ণিত রেজুলেশন খাতায় লিপিবদ্ধ করিয়া সকল সদস্যদের স্বাক্ষরযুক্ত রেজুলেশনের ফটোকপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে।
- ৮। কার্যকরী পরিষদ সদস্যদের নাম, পদবী, পেশা, ঠিকানা (বর্তমান) ও নিজ স্বাক্ষরযুক্ত তালিকা ১ (এক) কপি, তালিকার সংগে সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষের সত্যায়িত ছবিসহ দাখিল করিতে হইবে।
- ৯। সাধারণ সদস্যদের নাম, পিতার নাম, পেশা, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং নিজ স্বাক্ষরযুক্ত সদস্য ভর্তির ফরম (ছবিসহ) সংগঠনের কার্যালয়ের নথিতে সংরক্ষণ করিতে হইবে।
- ১০। সংগঠনের বর্তমান ও ভবিষ্যৎ কর্মসূচী (কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি) আলাদা কাগজে দাখিল করিতে হইবে।
- ১১। সংগঠনের নামে ব্যাংক হিসাব নং সহ ব্যাংক ম্যানেজারের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে ১(এক) কপি।
- ১২। সংগঠনের কার্যালয়ের দলিল/ভাড়ার ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প চুক্তিপত্র দাখিল করিতে হইবে।
- ১৩। সংগঠনের সম্পদের বিবরণী (সভাপতি ও সম্পাদকের স্বাক্ষরযুক্ত)। সংগঠনের অনুকূলে কমপক্ষে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার স্থায়ী আমানত থাকিতে হইবে।
- ১৪। সংগঠনের সম্ভাব্য বাজেট (আয়-ব্যয়ের) বিবরণী দাখিল করিতে হইবে ১(এক) কপি।
- ১৫। আবেদনপত্রে স্থানীয় মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সুপারিশ থাকিতে হইবে।
- ১৬। কার্যকরী পরিষদের কর্মকর্তাগণ একই পরিবারের সদস্য নহেন মর্মে প্রত্যয়নপত্র ১(এক) কপি দিতে হইবে।
- ১৭। কাউন্সিল ছাড়া যে কোন সংগঠনের নিবন্ধন গ্রহণ করিতে বা যে কোন বৈদেশিক সাহায্য গ্রহণ করার ক্ষেত্রে নিবন্ধককে অবহিত করা হইবে মর্মে সভাপতি ও সাধারণ সম্পাদকের অঙ্গীকারনামা দিতে হইবে।
- ১৮। সংগঠনের সকল মুক্তিযোদ্ধাদের সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

| ক্রঃ<br>নং | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | উপজেলা/জেলা<br>নাম | জন্ম তারিখ | মুক্তিবর্তী/গেজেট<br>নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ<br>ও স্মারক নং | মন্তব্য |
|------------|-------------------|-----------|--------------------|------------|------------------------------------|---------------------------------|---------|
| ১          | ২                 | ৩         | ৪                  | ৫          | ৬                                  | ৭                               | ৮       |